

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৭ কার্তিক ১৪২৬/২৩ অক্টোবর ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৩১৫—শিশুদের সমন্বিত টিকাদান কর্মসূচিতে বাংলাদেশের অনন্য সাফল্য অর্জনের ক্ষেত্রে অনবদ্য অবদানের স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে খ্যাতিমান আন্তর্জাতিক সংস্থা Global Alliance for Vaccine and Immunization (GAVI) কর্তৃক 'ভ্যাকসিন হিরো' সম্মাননায় ভূষিত করা হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে জিএভিআই বোর্ডের চেয়ার ড. নগচি ওকোনজো-আইওয়েলা এবং সংস্থাটির প্রধান নির্বাহী কর্মকর্তা ড. সেথ বার্কলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে পুরস্কারটি তুলে দেন।

২। 'ভ্যাকসিন হিরো' পুরস্কারে ভূষিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৯ অধিবেশন ১৪২৬/১৪ অক্টোবর ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব।

(২৩৯৯৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৯ আশ্বিন ১৪২৬
ঢাকা : ১৪ অক্টোবর ২০১৯

শিশুদের সমন্বিত টিকাদান কর্মসূচিতে বাংলাদেশের অনন্য সাফল্য অর্জনের ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে খ্যাতিমান আন্তর্জাতিক সংস্থা Global Alliance for Vaccine and Immunization (GAVI) কর্তৃক 'ভ্যাকসিন হিরো' সম্মাননায় ভূষিত করা হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখে নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে জিএভিআই বোর্ডের চেয়ার ড. নগচি ওকোনজো-আইওয়েলা এবং সংস্থাটির প্রধান নির্বাহী কর্মকর্তা ড. সেথ বার্কলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে পুরস্কারটি তুলে দেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার সকল নাগরিকের স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিতকরণের মধ্য দিয়ে পুষ্টিসমৃদ্ধ জাতি গঠনে বদ্ধপরিকর। স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতের উন্নয়নের মাধ্যমে স্বাস্থ্যসেবা নিশ্চিত করে একটি সুস্থ, সবল ও কর্মক্ষম জনগোষ্ঠী গড়ে তুলতে সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর সক্রিয় দিক-নির্দেশনা এবং তৎপরপ্রেক্ষিতে গৃহীত ব্যাপক সম্প্রচার ও সম্প্রসারণ কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলে টিকাদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের ফলে দেশে পোলিও, কলেরা এবং নানাবিধ সংক্রামক রোগ নির্মূল সম্ভব হয়েছে।

মন্ত্রিসভা মনে করে যে, 'ভ্যাকসিন হিরো' পুরস্কার অর্জন স্বাস্থ্য খাতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অব্যাহত ও সক্রিয় দিক-নির্দেশনার সার্থক স্বীকৃতি এবং বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থার অব্যাহত অগ্রগতির প্রতিফলন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিশুদের জীবনরক্ষার জন্য জরুরি টিকাদান কর্মসূচিকে ব্যাপক উৎসাহ প্রদান এবং কোনো শিশু যাতে টিকাদানে বাদ না পড়ে- তা নিশ্চিত করেছেন। শুধু টিকাদান কর্মসূচি নয়, শিশুদের সুস্থভাবে গড়ে তোলার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণসহ শিশু-অধিকার ও নারীর ক্ষমতায়নে তাঁর অবদান বিশ্বব্যাপী স্বীকৃত ও প্রশংসিত। সারাদেশে, বিশেষ করে গ্রামীণ দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় মানসম্মত প্রাথমিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেবার লক্ষ্যে স্থাপিত কমিউনিটি ক্লিনিক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তাপ্রসূত একটি অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম।

মন্ত্রিসভা মনে করে যে, স্বাস্থ্য খাতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ভূমিকা দেশে-বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত ও সমাদৃত হচ্ছে। ইতোপূর্বে ২০০৯ এবং ২০১২ সালে টিকাদান কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য জিএভিআই কর্তৃক বাংলাদেশকে পুরস্কৃত করা হয় যা ছিল প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন তদানীন্তন সরকারের সফল কর্মোদ্যোগের পরিপ্রেক্ষিতে এক বিশেষ অর্জন। এ ছাড়া শিশুমৃত্যুর হার হ্রাসকরণের ক্ষেত্রে এমডিজি-৪ লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় বাংলাদেশ 'জাতিসংঘ পুরস্কার ২০১০' লাভ করেছে। আন্তর্জাতিক পরিমন্ডলে একের পর এক এ ধরনের বিরল সম্মান অর্জন বাংলাদেশের অবস্থানকে দৃঢ় থেকে দৃঢ়তর করেছে। এরই ধারাবাহিকতায় 'ভ্যাকসিন হিরো' পুরস্কার শিশুদের সুস্থভাবে গড়ে তোলা, শিশু-অধিকার সুরক্ষা ও নারীর ক্ষমতায়নে বাংলাদেশসহ উন্নয়নশীল দেশসমূহকে আরও জোরালো ভূমিকা পালনে উৎসাহিত করবে। 'ভ্যাকসিন হিরো' পুরস্কারে ভূষিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd